



ত্রিপুরার প্রথম দৈনিক

জাগরণ

গৌরবের ৭১ তম বছর

THE FIRST DAILY OF TRIPURA



অনলাইন সংস্করণ : www.jagrandaily.com

JAGARAN ■ 71 Years ■ Issue-2 ■ 3 October, 2024 ■ আগরতলা ৩ অক্টোবর, ২০২৪ ইং ■ ১৬ অক্ষিণ, ১৪৩১ বঙ্গাব্দ, বৃহস্পতিবার ■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

স্বচ্ছ ভারত মিশনের দশবছর পূর্তিতে

দেশকে পরিচ্ছন্ন রাখতে নিরন্তর প্রয়াস চালিয়ে যাওয়ার উপর জোর দিলেন প্রধানমন্ত্রী

নয়া দিল্লি, ০২ অক্টোবর। স্বচ্ছ ভারত মিশনের সূচনার ১০ বছর পূর্তিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লির বিজ্ঞান ভবনে ১৫৫তম গান্ধী জয়ন্তীতে স্বচ্ছ ভারত দিবস ২০২৪ অনুষ্ঠানে অংশগ্রহণ করেছেন। অমৃত এবং অমৃত ২.০, গণপরিচ্ছন্নতা জাতীয় মিশন এবং গোবর্ধন প্রকল্পের আওতায় ৯৬০০ কোটি টাকার ও বেশি মূল্যের বেশ কয়েকটি পরিচ্ছন্নতা প্রকল্পের সূচনা ও শিলান্যাস করেছেন তিনি। উল্লেখ্য, স্বচ্ছতাই সেবা ২০২৪-এর এবারের থিম হল "স্বভাব স্বচ্ছতা, সংস্কার স্বচ্ছতা"। এই উপলক্ষে প্রধানমন্ত্রী পূজা বাপু এবং লাল বাহাদুর শাস্ত্রীজির জন্মবার্ষিকীর কথা উল্লেখ করেছেন এবং মা ভারতীর পূত্রদের প্রতি তাঁর শ্রদ্ধা নিবেদন করেছেন। শ্রী মোদী জের দিয়ে বলেন, আগকের এই অনুষ্ঠান মহাত্মা গান্ধী এবং অন্যান্য মহান ব্যক্তিত্বদের স্বপ্নকে সঙ্গতিপূর্ণভাবে বাস্তবায়িত করার প্রেরণার উৎস।

স্বচ্ছ ভারত অভিযানের ১০ বছর পূর্তি উপলক্ষে প্রধানমন্ত্রী বলেন, স্বচ্ছ ভারত মিশনের যাত্রা কোটি



কোটি ভারতবাসীর অটল অঙ্গীকারের প্রতীক। গত ১০ বছরে এই আন্দোলনে যে জনসমর্থন পাওয়া গেছে তার উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, দেশের প্রত্যেক নাগরিক এটিকে তাদের জীবনের একটি অংশ করে তুলেছেন। স্বচ্ছ ভারত অভিযানের দশ বছরের

প্রধানমন্ত্রী ভারতের প্রত্যেক নাগরিকের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

প্রধানমন্ত্রী বলেন, পরিচ্ছন্নতার সঙ্গে যুক্ত প্রায় ১০ হাজার কোটি টাকার প্রকল্পের সূচনা হয়েছে আজ। এতে "মিশন অমৃত"-এর অঙ্গ হিসেবে দেশের বিভিন্ন শহরে জল ও নিকাশি শোষণাগার গড়ে তোলা হবে। নমামি গঙ্গে হোক কিংবা জৈব বর্জ্যকে বায়োগ্যাসে রূপান্তরের গোবর্ধন প্রকল্প যে স্বচ্ছ ভারত অভিযানকে এক নতুন উচ্চতায় উন্নীত করেছে সে কথার ওপর বিশেষ জোর দিয়ে প্রধানমন্ত্রী বলেন, স্বচ্ছ ভারত মিশন যত সফল হবে, আমাদের দেশ তত বেশি আনন্দিত হবে।

প্রধানমন্ত্রী দুটতার সাথে বলেন, আগামী এক হাজার বছর পরেও ভারতকে নিয়ে সমীক্ষা করার সময় "স্বচ্ছ ভারত মিশন" স্মরণীয় হয়ে থাকবে। তিনি বলেন, স্বচ্ছ ভারত মিশন এই শতাব্দীর বৃহত্তম এবং সবচেয়ে সফল গণ আন্দোলন যেখানে জনগণের অংশগ্রহণ এবং জনসাধারণের নেতৃত্ব রয়েছে। তিনি বলেন, এমন উদাহরণ রয়েছে **৬ এর পাতায় দেখুন**

স্বচ্ছতা হি সেবা অভিযানের সমাপ্তির অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী

পরিবেশের স্বচ্ছতা বজায় রাখতে হলে স্বচ্ছ মানসিকতা নিয়ে কাজ করতে হবে



নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ অক্টোবর। স্বচ্ছ ভারত মিশনের ১০ বছর পূর্তিতে মুখ্যমন্ত্রী আরও বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২০১৪ সালে স্বচ্ছ ভারত গড়ার আহ্বান করেছেন। স্বচ্ছতার কোনও সমাপ্তি হতে পারে না। এটা একটা ধারাবাহিক প্রক্রিয়া। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনের ২ নং হলে আয়োজিত রাজ্যভিত্তিক স্বচ্ছতা হি সেবা অভিযান ২০২৪-র সমাপ্তি অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন।

মুখ্যমন্ত্রী বলেন, গত ১৭ সেপ্টেম্বর স্বচ্ছতা হি সেবা অভিযান কর্মসূচির উদ্বোধন করেছিলেন। ২ অক্টোবর জাতির জনক মহাত্মা গান্ধীর জন্মদিনে পক্ষফালব্যাপী এই অভিযানের সমাপ্তি হচ্ছে। এই অভিযানের থিম ছিল "স্বভাব স্বচ্ছতা, সংস্কার স্বচ্ছতা"। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, প্রতিদিনের জীবনযাপনে স্বচ্ছতার অভ্যাস গড়ে তোলা প্রয়োজন। ব্যক্তিগত পরিচ্ছন্নতার অভ্যাস স্কুল, কলেজ, অফিস, বাসস্থান, পাড়া, রাস্তাঘাট, বাজার, বাসস্ট্যান্ড সর্বত্র বজায় রাখা স্বচ্ছতার গুরুত্বকে সমস্ত অংশের মানুষের কাছে তুলে ধরা হয়েছে। স্বচ্ছতার **৬ এর পাতায় দেখুন**

নানা অনুষ্ঠানে রাজ্যে পালিত গান্ধী জয়ন্তী

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ অক্টোবর। আধুনিক ভারত নির্মাণে মহাত্মা গান্ধীর অবদান অপরিসীম। তাছাড়া, অহিংসা, নিঃস্বার্থ সেবা ও স্বচ্ছতার মূর্ত প্রতীক ছিলেন তিনি। আজ তাঁর ১৫৫তম জন্মদিন উপলক্ষে একথা বলেন শিল্প বাণিজ্য দপ্তরের মন্ত্রী সাব্বা চাকমা।

আজ মহাত্মা গান্ধীর জন্মদিন উপলক্ষে রাজ্য সরকার উদ্যোগে প্রথম সার্কিট হাউজ স্থিত গান্ধী মূর্তির পাদদেশে এবং পরে গান্ধী ঘাট শহীদ বেদীতে মালাদান করেন রাজ্য সরকারের শিল্প বাণিজ্য দপ্তরের মন্ত্রী সাব্বা চাকমা। এদিন তাঁর সঙ্গে উপস্থিত ছিলেন পশ্চিম জেলাশাসক বিশাল কুমার এবং মহাকুমা শাসক সহ অন্যান্যরা। এদিন মন্ত্রী সাব্বা চাকমা বলেন, আজ মহাত্মা গান্ধীর জন্মদিন। অহিংসা, নিঃস্বার্থ সেবা ও স্বচ্ছতার মূর্ত প্রতীক ছিলেন জাতির জনক মহাত্মা গান্ধীজী। তাঁর ১৫৫ তম জন্ম জয়ন্তী উপলক্ষে সারা ভারতব্যাপী গত ১৭ সেপ্টেম্বর থেকে ২রা অক্টোবর পর্যন্ত স্বচ্ছতা হি সেবা কর্মসূচি পালন করা হয়েছে। এদিন তিনি আরও বলেন, গ্রামের উন্নয়নের তিনি প্রতিনিয়ত কাজ করে গিয়েছেন। সেই দিশায় বিজেপি সরকার কাজ করছে। এদিকে, যথাযোগ্য মর্যাদায় প্রদেশ কংগ্রেস ভবনে মহাত্মা গান্ধীর জন্মজয়ন্তী পালন করা হয়েছে। এদিন প্রদেশ কংগ্রেস নেতৃত্ব গান্ধীর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। এদিন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা, বিধায়ক সুদীপ রায় বর্মন, গোপাল রায় সহ অন্যান্য নেতৃত্বরা। পরবর্তীতে একটি শোভাযাত্রা বিভিন্ন পথ পরিক্রমা করে গান্ধীঘাটে গিয়ে গান্ধীর শহীদ বেদীতে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেন তাঁরা।

এদিন সাংবাদিকদের মুখোমুখি হয়ে প্রদেশ কংগ্রেস সভাপতি বলেন, আজ ২রা অক্টোবর রাষ্ট্রপিতা মহাত্মা গান্ধীর জন্মদিন। সারা দেশব্যাপী **৬ এর পাতায় দেখুন**

সীতারামের স্মরণ সভায় বিভিন্ন দুর্বলতা থেকে দলীয় নেতা কর্মীদের বেরিয়ে আসার পরামর্শ মানিক সরকারের

নিজস্ব প্রতিনিধি, খোয়াই, ২ অক্টোবর। কমরেড সীতারাম ইয়েচুরির গুণাবলীকে অহংকার করতে হবে। তার জীবনদর্শ থেকে শিক্ষা নিয়ে আমাদেরকে শিক্ষিত হতে হবে। সীতারামের জীবনদর্শ থেকে শিক্ষা নিয়ে মার্কসবাদ লেনিনবাদের চর্চাকে আরো পরিব্যাপ্ত করতে হবে, প্রসারিত করতে হবে- বক্তা সিপিআই(এম)-র পলিটব্যুরোর সদস্য মানিক সরকার।

বৃহস্পতি ইয়েচুরি প্রয়াত নেতার শপথদণ্ড স্মরণসভায় তিনি আরো বলেন সিপিআই(এম)-র খোয়াই মহকুমা কমিটির আহ্বানে সাড়া জাগানো উদ্দেশ্যে স্মরণসভাটি হয় স্থানীয় শিক্ষক ভবনের হলঘরে। শোককে শপথের পরিণত করে। এই আহ্বান জানিয়ে আয়োজিত স্মরণসভায় মহকুমার বিভিন্ন অঞ্চলের পার্টির সর্বস্তরের নেতা, কর্মী, দরদী ও সমর্থক জাতি উপজাতির মানুষজন উপস্থিত ছিলেন। উপরে পড়া জনভীড়ে আয়োজিত স্মরণসভায় হলের ভেতরে সবার স্থান সন্মুখান না হওয়ায় অনেকেই হলঘরের বাইরে, বারান্দায় ও লনে বসে নেতৃত্বদের বক্তব্য শোনেন।

স্মরণসভায় বক্তব্য রাখতে গিয়ে আরো মানিক সরকার বলেন, সীতারাম ইয়েচুরি ছিলেন এক ব্যতিক্রমী নেতা মেধাবী ছাত্র ও বহুমুখী বিরল গুণের অধিকারী ছাত্র আন্দোলনের সামনের সারির নেতা জে এন ইউ বিশ্ববিদ্যালয়ের মেধাবী ছাত্র ছাত্র সংসদের নির্বাচিত সভাপতি তার

রাজ্য সরকারের উন্নয়ন মূলক কাজে ব্যাঘাত ঘটানোর চেষ্টা চালাচ্ছে বিরোধীরা : বিজেপি

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ অক্টোবর। বিরোধীদের বক্তব্যগুলি যথেষ্ট স্পর্শকাতর। রাজ্যের মধ্যে এক অস্থিরতা সৃষ্টি করতে চাইছে তারা। সাধারণ মানুষকে বিভ্রান্ত করে সরকারের কাজে ব্যাঘাত ঘটানোর চেষ্টা চালাচ্ছে তারা। বিরোধীরা সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কাজে ব্যাঘাত ঘটিয়ে জনগণকে বিভ্রান্ত করার চেষ্টা চালিয়ে যাচ্ছে। বিরোধীরা বুঝতে পারছে মানুষ তাদের সুরিয়ে দিয়েছে, গনতান্ত্রিক প্রক্রিয়ায় তারা পিছিয়ে গেছে। তৎকালীন সময়ে বিরোধীদের বিভিন্ন বক্তব্য থেকে তাদের নীতিগত অবস্থান নিয়েও প্রশ্ন দেখা দিচ্ছে। বৃহস্পতি সার্ববাদিক সম্মেলনে এভাবেই বিরোধীদের আক্রমণ করেন প্রদেশ বিজেপির মুখপাত্র নবেন্দ্র ভট্টাচার্য।

তিনি আরো বলেন, অতীতে বামেরা ক্ষমতায় থাকতে জনগণের উপরে নিয়ন্ত্রণ কায়েম করে রাখতো। কিন্তু বর্তমানে তারা তা পারছে না। কারণ সাধারণ মানুষ তাদের এই কৌশল বুঝে গেছে। তাই তারা এখন আর এই নিয়ন্ত্রণ কায়েম করতে পারছে না। তিনি আরো বলেন, বিরোধীরা

জোর পূর্বক চাঁদ আদায়, গ্রেপ্তার ২

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ অক্টোবর। রাজধানী আগরতলার উর্দি ট্রাভেলার পর এবার তেলিয়ামুড়ার তুইসিদ্দাহি-এর রবীন্দ্র সংঘের পূজা ঘিরে চাঁদাবাড়ির অভিযোগ উঠেছে। ওই ঘটনাকে কেন্দ্র করে দুইজনকে গ্রেফতার করেছে পুলিশ। ঘটনার বিবরণে জানা গিয়েছে, জাতীয় সড়কে বিভিন্ন যানবাহনের গতিরোধ করে রবীন্দ্র সংঘ ক্লাবের সদস্যরা সোমবার গভীর রাতে যখন চাঁদ তুলছিল তখন দীপক দেবনাথ **৬ এর পাতায় দেখুন**

কর্তব্যরত পুলিশের উপর আক্রমণ, গ্রেপ্তার অভিযুক্ত

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ অক্টোবর। সাত সকালে ১০৮ বি জাতীয় সড়কে কর্তব্যরত পুলিশ অধিকারিককে আক্রমণে চেষ্টা করেছে এক যুবক। ওই ঘটনায় অভিযুক্ত যুবককে গ্রেফতার করে পুলিশ। আজ সকালে যান দুর্ঘটনার বিষয়টি মাথায় রেখে মহালয়া উপলক্ষে রাত প্রায় ৩ টা থেকে লেফুঙ্গা থানার ওসি সহসহদের নেতৃত্বে বিশাল পুলিশ ও টি এস আর বাহিনীর জওয়ানরা লেফুঙ্গা থানায় ১০৮ বি জাতীয় সড়কের ফটিকছড়ায় নাকা চেকিংয়ে বসে। এই সময় মোহনপুর দিক থেকে আসা এক বাইক চালক লেফুঙ্গা থানার সেকেন্ড অফিসার অধিকরণ দাসকে আক্রমণের চেষ্টা করে। কর্তব্যরত পুলিশ অধিকারিকের সঙ্গে দুর্ব্যবহার করে। পরে পুলিশ উদয় ভৌমিক নামে এই যুবককে গ্রেফতার করে নিয়ে যায় থানায়। এই বিষয়ে লেফুঙ্গা থানার ওসি সহসহদের দাস বলেন, রাত প্রায় ৩ টা থেকে **৬ এর পাতায় দেখুন**

নিম্নচাপ রাজ্যে বৃষ্টির সম্ভাবনা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ অক্টোবর। দক্ষিণ-পূর্ব বাংলাদেশ এবং সমুদ্রপৃষ্ঠের গড় উচ্চতা ৫.৮ কিলোমিটার পর্যন্ত বিস্তৃত উচ্চ বায়ু সঞ্চালন অব্যাহত রয়েছে। দক্ষিণ-পূর্ব বাংলাদেশ ও পার্শ্ববর্তী অঞ্চলে ঘূর্ণিঝড় সঞ্চালনের প্রভাবে আগামী ৪ অক্টোবরের দিকে উত্তর বঙ্গোপসাগর ও পার্শ্ববর্তী এলাকায় একটি নিম্নচাপ সৃষ্টি হতে পারে। যার ফলে ত্রিপুরার বিভিন্ন জেলায় ভারী **৬ এর পাতায় দেখুন**

চালকদের উদ্দেশ্যে পরিবহনমন্ত্রী ভালো ব্যবহারে রাজ্যের সুনাম বাড়ে



নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ অক্টোবর। দেশ-বিদেশের বিমানযাত্রীরা যদি সঠিক সন্মান, ভালোবাসা ও পরিবেশা পান তবে রাজ্যের সন্মান বাড়বে। বিমানবন্দরের পরিবেশ পরিষ্কার সাথে যুক্ত যানবাহন চালকদের অনুষ্ঠানেরও উদ্বোধন করেন। অনুষ্ঠানে পরিবহন দপ্তরের পক্ষ থেকে ৩১ জন প্রিপেইড অটো চালক ও ৫৫ জন প্রিপেইড ট্যাক্সি চালকদের মধ্যে নতুন ইউনিফর্ম দেওয়া হয়। প্রিপেইড অটো-ট্যাক্সি চালকদের উদ্বোধন করে পরিবহনমন্ত্রী

প্রদেশ প্রিপেইড অটো ও ট্যাক্সি কাউন্সিলারের উদ্বোধন করে পরিবহনমন্ত্রী বলেন, দেশ-বিদেশের বিমানযাত্রীরা যদি সঠিক সন্মান, ভালোবাসা ও পরিবেশা পান তবে রাজ্যের সন্মান বাড়বে। বিমানবন্দরের পরিবেশ পরিষ্কার সাথে যুক্ত যানবাহন চালকদের অনুষ্ঠানেরও উদ্বোধন করেন। অনুষ্ঠানে পরিবহন দপ্তরের পক্ষ থেকে ৩১ জন প্রিপেইড অটো চালক ও ৫৫ জন প্রিপেইড ট্যাক্সি চালকদের মধ্যে নতুন ইউনিফর্ম দেওয়া হয়। প্রিপেইড অটো-ট্যাক্সি চালকদের উদ্বোধন করে পরিবহনমন্ত্রী

দেবীপক্ষের সূচনায় ধ্বনিত হল আগমনীর বার্তা

নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২ অক্টোবর। আজ মহালয়া। পিতৃপক্ষের অবসানের মধ্য দিয়ে দেবীপক্ষের সূচনা হয়েছে। যাতে ঘরে ধনিত হচ্ছে দেবীর আগমনী বার্তা। এদিন পূর্বপুরুষদের শান্তি কামনায় তর্পণের রীতি রয়েছে। সেই অনুযায়ী ভোরের আলো ফুটতেই মানুষ কাতারে কাতারে নদী কিংবা দীঘির ঘাটে পিতৃপুরুষের তর্পণের জন্য হাজির হয়েছেন। এই চিত্র প্রতিবছরের মতো এবং ও দেখা গেছে। তেমনি উৎসবে মাতোয়ারা উৎসাহী মানুষের চলও মহালয়ার ভোরে রাজপথে আছড়ে পড়েছে। সারারাজোই উৎসবের ঢাক কাটি পড়ে গেছে।

এদিন আগরতলার লক্ষ্মীনারায়ণ বাজী দীঘি সহ শহরের বিভিন্ন সানে জলাশয়ে পিতৃপক্ষের জন্য প্রচুর লোক সমাগম হয়েছে। পিতৃপক্ষের অবসানে দেবী পক্ষের সূচনা হয় অমবস্যা ছাড়ার পরই। এই পিতৃপক্ষের শেষ লগ্নে পিতৃপুরুষদের উদ্দেশ্যে তিল জল দানের জন্য সকাল থেকেই রাজধানীর লক্ষ্মীনারায়ণ বাজী সহ বিভিন্ন পুকুরের দেখা গেল শত শত লোকের ভীড়। মহালয়া নয় যেন মায়ের পদধ্বনি। প্রতিটি বঙ্গালীর হৃদয় ঝুঁয়ে যায় পূজার হাওয়ায়। এক পুরোহিত বলেন, বিগত প্রতিপদ থেকে শুরু করে মহালয়া পর্যন্ত এই ১৫ দিন পিতৃপক্ষ একে একে গুণে বলা হয়। এই সময় পিতৃপুরুষের উদ্দেশ্যে জল তিল উৎসর্গ করে তর্পন করা হয়। অমাবস্যা শেষ হতেই শুরু দেবী পক্ষের। প্রকৃত পক্ষে এদিন থেকেই পড়ে গেল পূজার ঢাক কাঠি। রাজ্য বাসীও মেতে উঠল তাদের সর্বশ্রেষ্ঠ উৎসবে। যারার পিতৃ হারিয়েছেন তাঁরা বছরে একদিন এই মহালয়ার পূর্ণ লগ্নে পিতৃপক্ষের উদ্দেশ্যে তিল দান করবেন। তাছাড়া মাতৃ পক্ষের গুরু মহালয়ার পূর্ণা তিথিতে আগরতলা পৌর নিগম ৩ নং ওয়ার্ডের উদ্যোগে এক বর্ষাটব বইক রেলির আয়োজন করা হয়েছে। এদিনের বইক রেলিতে উপস্থিত ছিলেন যুব ও ক্রীড়া বিষয়ক দপ্তরের মন্ত্রী টিকু রায়, ৩ নং ওয়ার্ডের কর্পোরেশনের জগদীশ দাশ সহ অন্যান্যরা। এদিন মহালয়ার সকালে আগরতলা শহরে বিভিন্ন জায়গায় উৎসাহী মানুষের চল। দেবীর **৬ এর পাতায় দেখুন**

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের স্বচ্ছতা অভিযান ২০২৪-এর সমাপ্তি



মালিগাঁও, ০২ অক্টোবর, ২০২৪: পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং পরিবেশ রক্ষার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপের বার্তা সমাজে ছড়িয়ে দিয়ে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে (এনএফআর) জুড়ে আয়োজিত পাবলিক ব্যাপী স্বচ্ছতা হি সেবা অভিযান, ২০২৪-এর সমাপ্তি ঘটল। এই অভিযানটি ১৬ সেপ্টেম্বর থেকে শুরু হয়ে ০২ অক্টোবর স্বচ্ছ ভারত মিশনের ১০ম বর্ষপূর্তি এবং জাতির পিতার প্রতি শ্রদ্ধাঞ্জলি জানাতে গান্ধী জয়ন্তীতে অর্থাৎ ভারত দিবসে সমাপ্তি ঘটে। মালিগাঁওস্থিত উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের মুখ্য

কার্যালয়ে ২ অক্টোবর স্বচ্ছতা অভিযানের সমাপ্তি কর্মসূচির সময় সমস্ত আধিকারিক ও কর্মী উপস্থিত ছিলেন এবং গণ পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযানে অংশগ্রহণ করেন। মালিগাঁও অঞ্চলে বিস্তৃতভাবে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান চালানো হয় এবং মহাশ্বে গান্ধীর প্রতিভূত্বিত্তে পুষ্পার্ঘ্য প্রদানের মাধ্যমে এই কর্মসূচির সমাপ্তি ঘটে। পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযানের সময় জিএম/এনএফআর শ্রী চেতন কুমার শ্রীবাস্তব এবং জিএম/এনএফআর (কন) শ্রী

স্টেশন, ট্রেন, রেলওয়ে কালোনি এবং চারপাশের এলাকায় ব্যাপক পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান, যেখানে বিশেষভাবে ব্যবহৃত গুরুত্বপূর্ণ স্থানগুলির উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়েছে। এর পাশাপাশি এই অভিযানের মাধ্যমে স্টেশন চত্বরের মধ্যে রেলওয়ে প্র্যাটফর্ম, ট্র্যাক, শৌচালয়, নালী-নর্দনার ব্যবস্থার পাশাপাশি পে অ্যান্ড ইয়ুজ টয়লেট, গ্রেটিং রক্ষণ ও অন্যান্য রেলওয়ে সুবিধাগুলির পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখার উপর গুরুত্ব দেওয়া হয়েছে, যা উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের একটি নিয়মিত ব্যবস্থা। এছাড়াও উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে বর্জ্য সামগ্রী সংগ্রহ ও প্রক্রিয়াকরণের জন্য আরআরআর সেন্টার স্থাপন করে বর্জ্য সামগ্রীর দায়িত্বশীল নিষ্কাশন ও পুনর্ব্যবহার প্রচারের ধারা রিডিউস, রিইয়ুজ, রিসাইকেল (আরআরআর) উদ্যোগে সক্রিয়ভাবে সমর্থন জানিয়ে আসছে। পুনর্ব্যবহারত এক ব্যাপক কর্মসূচি সম্পূর্ণ করেছি। অনুষ্ঠানের প্রথম দিন মুখ্য কার্যালয়ে স্বচ্ছতার শপথ বাক্য পাঠের মাধ্যমে শুরু হওয়া কার্যালয়ের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে তার অধিক্ষেত্রের সমস্ত কার্যালয় ও প্রাতিষ্ঠানিক ভবন, রেলওয়ে

রাধিকাপুর ও আনন্দ বিহার টার্মিনালের মধ্যে নতুন সাপ্তাহিক এক্সপ্রেস ট্রেন পরিষেবার সূচনা করলেন রেলমন্ত্রী



মালিগাঁও, ০২ অক্টোবর, ২০২৪: আজ অর্থাৎ ০২ অক্টোবর, ২০২৪ তারিখে রেলওয়ে, তথ্য ও সম্প্রচার এবং বৈদ্যুতিন ও তথ্য প্রযুক্তি মন্ত্রী শ্রী অশ্বিনী বৈষ্ণব শিয়ালদহ থেকে ভাড়া যালি রাধিকাপুর ও আনন্দ বিহার টার্মিনালের মধ্যে একটি নতুন ট্রেন পরিষেবার সূচনা করেন। উদ্বোধনী কর্মসূচিতে শিক্ষা ও উত্তর-পূর্ব অঞ্চল উন্নয়ন বিভাগের মাননীয় রাজ্যমন্ত্রী শ্রী শান্ত মজুমদার, বন্দর, নৌ পরিবহন ও জলপথ বিভাগের মাননীয় রাজ্যমন্ত্রী শ্রী শান্তনু ঠাকুর, মাননীয় সাংসদবৃন্দ এবং অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। উদ্বোধনী ট্রেন নং. ০৪০১১ (রাধিকাপুর-আনন্দ বিহার টার্মিনাল) রাধিকাপুর থেকে প্রত্যেক রবিবার ২৩.৪৫ ঘটায় রওনা দিয়ে পরের দিন ১৩.৩৫ ঘটায় তার যাত্রা শুরু করে। বিভিন্ন এনরক্ট স্টেশনে সংশ্লিষ্ট

বিধায়ক ও স্থানীয় জনগণ এই নতুন ট্রেন পরিষেবাকে স্বাগত জানান এবং নতুন দিনের সাথে সংশ্লিষ্ট অঞ্চলগুলির রেলওয়ে যোগাযোগ আরও মজবুত করতে এই নতুন উদ্যোগ গ্রহণ করার জন্য ভারতীয় রেলওয়েকে ধন্যবাদ জ্ঞাপন করেন। এর নিয়মিত পরিষেবার সময় ট্রেন নং. ১৪০১১ (রাধিকাপুর-আনন্দ বিহার টার্মিনাল) সাপ্তাহিক এক্সপ্রেস রাধিকাপুর থেকে প্রত্যেক মঙ্গলবার ১০.৩০ ঘটায় রওনা দিয়ে পরের দিন ১৮.৫০ ঘটায় আনন্দ বিহার টার্মিনাল পৌঁছাবে। ফেরত যাত্রার সময়, ট্রেন নং. ১৪০১২ (আনন্দ বিহার টার্মিনাল-রাধিকাপুর) সাপ্তাহিক এক্সপ্রেস আনন্দ বিহার টার্মিনাল থেকে প্রত্যেক রবিবার ২৩.৪৫ ঘটায় রওনা দিয়ে পরের দিন ০৭.০০ ঘটায় রাধিকাপুর পৌঁছাবে।

এই ট্রেনটি উভয় পথে যাত্রার সময় কালিয়াগঞ্জ, রায়গঞ্জ, বারসৌই জং, কাটিহার জং, বারানসী জং, সমস্তপুর জং, বাপুধাম মতিহারী, গোরখপুর জং, গোড়া জং, মোরাদাবাদ জং ও গাজিয়াবাদ জং হয়ে চলাচল করবে। ট্রেনটিতে যাত্রীদের আসনের জন্য একটি এসি প্রথম শ্রেণি, ছয়টি এসি ও-টিয়ার, দুটি এসি ২-টিয়ার, আটটি শয়ন শ্রেণি এবং তিনটি নন এসি দ্বিতীয় শ্রেণির কামরা থাকবে। এই ট্রেনটির সূচনার ফলে রাধিকাপুর ও সংলগ্ন অঞ্চলগুলির যাত্রীদের দীর্ঘদিনের দাবি পূরণ হবে এবং সুগম ভ্রমণের জন্য তাঁদের সুবিধা প্রদানের পাশাপাশি সংশ্লিষ্ট অঞ্চলের অর্থনৈতিক কার্যকলাপ বৃদ্ধিতে সহায়ক হবে। পশ্চিমবঙ্গ ও বিহারের বৃহৎ অংশের জনগণ উপকৃত হবেন।

কৃষি ভবনে 'স্বচ্ছতা হি সেবা- ২০২৪' কর্মসূচীর অধীনে সাফাই মিত্রদের শিশুদের পুরস্কার বিতরণী অনুষ্ঠান এবং তাদের সংবর্ধনা জ্ঞাপন

নয়াদিল্লী, ২ অক্টোবর ২০২৪: কৃষি ও কৃষক কল্যাণ বিভাগ ১৭ ই সেপ্টেম্বর থেকে ২ রা অক্টোবর পর্যন্ত স্বচ্ছতা হি সেবা, ২০২৪ প্রচারাভিযান "স্বভাব স্বচ্ছতা - সংস্কার স্বচ্ছতা" থিমের সাথে মাঝে মাঝে গোটো দেশে বিস্তৃত তার সমস্ত অধীনস্থ/সংযুক্ত/স্বায়ত্তশাসিত সংস্থাপনিত পালিত হচ্ছে এবং তাতে সকলেই উৎসাহের সাথে অংশগ্রহণ করছে।

সাফাই মিত্ররা পরিবেশ ভারসাম্যে একটি অবিচ্ছেদ্য অংশ এবং এর জগণকে কাজ করার জন্য একটি স্বাস্থ্যকর ও পরিচ্ছন্ন পরিবেশ প্রদান করে। বিভাগের বৃহত্তর সচ্ছতার ক্ষেত্রে তাদের গুরুত্বপূর্ণ ভূমিকা বিবেচনা করে, কৃষি ও কৃষক কল্যাণ বিভাগ তাদের জন্য একটি সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করে। ১ লা অক্টোবর, ২০২৪ - এ আয়োজিত এই অনুষ্ঠানটিতে ১৫০ জনের বেশি সাফাই মিত্রকে সংবর্ধিত করা

হয়ে। এদিকে, ২১ শে সেপ্টেম্বর, ২০২৪-এ কৃষি ভবনে সাফাই মিত্রদের শিশুদের জন্য অনুষ্ঠিত অঙ্কন প্রতিযোগিতার বিজয়ীদের জন্য একটি পুরস্কার বিতরণী অনুষ্ঠানেরও আয়োজন করা হয়েছিল। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কৃষি ও কৃষক কল্যাণ বিভাগের সচিব ডঃ দেবেন্দ্র চট্টোপাধ্যায় এবং অনুষ্ঠানটিতে ১৫০ জনের বেশি সাফাই মিত্রকে সংবর্ধিত করা

পিতৃপক্ষের অবসানে দেবীপক্ষের সূচনা; মহালয়ায় চক্ষুদান মাতৃ প্রতিমার, গঙ্গার ঘাটে তর্পণ

কলকাতা, ২ অক্টোবর (হি.স.): পিতৃপক্ষের অবসানে সূচনা হয়ে গেল দেবীপক্ষের। বৃহস্পতি মহালয়ার ভোরে কলকাতা-সহ রাজ্যের বিভিন্ন জেলায় গঙ্গার ঘাটে চলল তর্পণ। হাতে আর মাত্র কিছু দিন বাকি, পূজার আনন্দ আবেশ মেতে উঠেছেন

আনেকেই কুমোরটুলি হোক অথবা অন্য কোনও পড়িয়া পাড়া প্রায় সব জায়গাতেই চূড়ান্ত ব্যস্ততা ছোট থেকে বড় নানা প্রতিমার বাহার সহ সেজে উঠেছে কুমোরটুলিও। সব কিছুই যেন জানান দিচ্ছে মা এসে গিয়েছেন। পাড়ায় পাড়ায় অনেক আগে থেকেই শুরু হয়ে গেছে

প্যাণ্ডেল বাঁধার কাজ। এখন তা শেষের দিকে। প্রচলিত প্রথা অনুযায়ী, মহালয়ার দিনেই আঁকা হয় মায়ের চোখ। অর্থাৎ চক্ষুদান করা হয় মাতৃ প্রতিমার। সেই চক্ষুদানের মাধ্যমেই কুমোরটুলিতে শুরু হয়েছে শেষ মুহুর্তের প্রজ্জ্বল। কোমর বেঁধে নেমে পড়ছেন শিল্পীরা।

গান্ধীজির জীবনাদর্শ দেশবাসীর জন্য সর্বদা অনুপ্রেরণা হয়ে থাকবে : প্রধানমন্ত্রী

নয়াদিল্লী, ২ অক্টোবর (হি.স.): জাতির জনক মহাত্মা গান্ধীকে স্মরণ করে স্মরণ করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। গান্ধীজির জীবনাদর্শ দেশবাসীর জন্য সর্বদা অনুপ্রেরণা হয়ে থাকবে বলেও মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। বৃহস্পতি সকালে নিজের এক হ্যান্ডলে প্রধানমন্ত্রী মোদী লিখেছেন, সন্ন্যাসী দেশবাসীর পক্ষ থেকে পূজা বাপুকে তাঁর জন্মবার্ষিকীতে প্রণাম। সত্য, সন্তীতি ও সাম্য ভিত্তিক বাপু

জীবন ও আদর্শ দেশবাসীর জন্য সর্বদা অনুপ্রেরণা হয়ে থাকবে। "এক-এ শ্রদ্ধা জানানোর পর দিল্লিতে রাজস্ব মন্ত্রী মহাত্মা গান্ধীর সমাধিস্থলে গিয়ে তাঁকে শ্রদ্ধা জানান প্রধানমন্ত্রী মোদী।

প্রধানমন্ত্রী ছাড়াও রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড়, লোকসভার নিরীক্সী দলনেতা রাহুল গান্ধী, কেন্দ্রীয় মন্ত্রীরাও গান্ধীজিকে শ্রদ্ধা নিবেদন করেছেন।

NOTIFICATION FOR COMMON MERIT LIST OF CANDIDATES APPEARED IN LAW ENTRANCE EXAMINATION, 2024 HELD ON 10.09.2024
The Common Merit List of the candidates who appeared in Law Entrance Examination, 2024 which was held on 10.09.2024 has been prepared according to Rule 17 of the Law Entrance Examination Regulation, 2015 for publication considering the relevant papers and documents maintained in the office of the Law Entrance Examination Board.
The Roll Numbers mentioned in the "Common Merit List are in order of merit and will be considered for admission into the 1st semester Syeear B.A.L.L.B (Hons.) Course of Tripura Govt. Law College, Agartala keeping in view of the relevant provisions laid down in the Law Entrance Examination Regulations and Government norms.
Please visit the portal <https://leeb.tripura.gov.in> for the Common Merit List.
N.B.: Counseling in for admission in 1st semester 5 year B.A.L.L.B.(Hons.) course of Tripura Govt.Law College, Agartala shall be held on 5th October, 2024 (Saturday) and its notification shall be made separately.
ICA/D-1030/24
Chairman
Law Entrance Examination Board, 2024

ইয়াং বয়েজকে হারিয়ে চ্যাম্পিয়নস লিগে বাসার "প্রথম" জয়

বার্সেলোনা, ২ অক্টোবর (হি.স.): ইয়াং বয়েজের বিপক্ষে গোল উৎসব করে চ্যাম্পিয়নস লীগে প্রথম জয় পেলে স্প্যানিশ জায়ান্টা মেলন্দার (১ অক্টোবর) রাতে চ্যাম্পিয়নস লিগের ম্যাচে ইয়াং বয়েজকে ৫-০ গোলে হারিয়ে বার্সেলোনা। জোড়া গোল করেছেন রবার্ট লেভানডোভস্কি। একটি করে গোল করেছেন রাকিউয়া ও ইনিগো মার্টিনেজ। অন্য গোলটি আন্দ্রুয়াস্তী। সব প্রতিযোগিতা মিলিয়ে সবশেষ চার ম্যাচের দুটিতে হেরেছিল বার্সেলোনা। ম্যাচে প্রায় ৭৪ শতাংশ সময় বল দখলে রেখে গোলের জন্য ১২টি শট নেয় বার্সেলোনা, এর সাতটি ছিল লক্ষ্যে। বয়েজ কেবল নিজেই দুটি শট, এর একটিও ছিল না লক্ষ্যে।

মহারাজের পুণে-তে ভেঙে পড়লো হেলিকপ্টার, দু'জনের মৃত্যুর আশঙ্কা

পুণে, ২ অক্টোবর (হি.স.): মহারাজের পুণে-তে ভেঙে পড়লো একটি হেলিকপ্টার। বৃহস্পতি সকালে পুণে জেলায় বাহাদুরের কাছে হেলিকপ্টারটি ভেঙে পড়ে। এই হেলিকপ্টার দু'ঘণ্টায় দু'জনের মৃত্যুর আশঙ্কা করা হচ্ছে। মারিটে আছড়ে পড়ার পরই হেলিকপ্টারের আগুন ধরে যায়। খবর পাওয়া মাত্রই ঘটনাস্থলে পৌঁছয় দমকল ও অ্যাম্বুলেন্স। প্রাথমিকভাবে জানা যাচ্ছে হেলিকপ্টারে থাকা দু'জনেরই মৃত্যু হয়েছে।

স্বচ্ছতা অভিযানের ১০ বছর, স্কুল পড়ুয়াদের সঙ্গে পরিচ্ছন্নতা কর্মসূচি প্রধানমন্ত্রীর

নয়াদিল্লী, ২ অক্টোবর (হি.স.): দেখতে দেখতে ১০ বছর হয়ে গেল প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদীর স্বপ্নের স্বচ্ছ ভারত অভিযানের। বৃহস্পতি মহাত্মা গান্ধীর জন্মবার্ষিকীতে দিল্লির একটি স্কুলে স্বচ্ছতা অভিযানে অংশ নিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। স্কুলের ছাত্র-ছাত্রীদের সঙ্গে স্বচ্ছতা অভিযানে অংশ নেন প্রধানমন্ত্রী। ঝাড়া হাতে নিয়ে নিজের হাতেই সাফাই অভিযানে

ভারতকে অপুষ্টিমুক্ত করা — লগান এর দৃষ্টিভঙ্গি গ্রহণ

লিখেছেন সতীশ বি অগ্নিহোত্রী এমেরিটাস ফেলো সি-তারার আইআইটি বোম্বে, পোওয়াই মুম্বাই ৪০০০৭৬ "লগান"-এর সিনেমাটি ছিল যুগান্তকারী। ঐক্য, একাত্মতা এবং সঠিক দক্ষতা বা প্রশিক্ষণের মাধ্যমে কীভাবে আন্তর্জাতিক সমস্ত প্রতিকূলতার বিরুদ্ধে বিজয়ী হয়ে উঠতে পারে তা করে দেখিয়েছে। স্বাধীনতা-পূর্ব যুগের গল্পের জন্য ওয়ানডে ক্রিকেটের আখ্যান ব্যবহার করে যোগাযোগের হাতিয়ার হিসাবেও এটি দৃষ্টান্তকারী হয়ে উঠেছিল। অপুষ্টিমুক্ত ভারতের পরিকল্পনা করতে আমরা এই আখ্যানটিকে ফলপ্রসূভাবে ব্যবহার করতে পারি।

শিশু অপুষ্টি দূর করা নির্দিষ্ট ওভারে লক্ষ্য তড়া করার মতো। এটি আদিবাসী মেয়েদের ক্ষেত্রে এই টার্গেট সবচেয়ে কঠিন, যা ছেলোদের ক্ষেত্রে তুলনায় কম, অ-আদিবাসী শিশুদের ক্ষেত্রে তো বটেই। আপনার সামর্থ্য রান এবং প্রয়োজনীয় রানের উপর নির্ভর করবে। বিনামূল্যে পুষ্টি-প্রকৃতির দেওয়া একটি সাধারণ সমস্যারও মুখোমুখি হতে হয়, আর তা হল অসুস্থতা। প্রতিটি শিবির একে অপরকে নিচু চোখে দেখে; একচেটিয়া বুকের দুধ খাওয়ানোর প্রবন্ধ বনাম পরিপূরক পুষ্টির প্রবন্ধ বনাম প্রারম্ভিক বুকের দুধ খাওয়ানোর প্রবন্ধ বা আইইউজিআর বা জন্মের ওজন। প্রত্যেক বিশেষজ্ঞের কাছেই দলের জয়ের চেয়ে তার হাফ সেঞ্চু রিট। বেশি গুরুত্বপূর্ণ। একজন বিচক্ষণ কোচকে অন্তর্দৃষ্টি কমাতে হবে, পার্টনারশিপকে উৎসাহিত করতে হবে এবং জয় নিশ্চিত করতে হবে।

ওপেনিং ব্যাটসম্যান হলেন অবশ্যই একজন অসুস্থতা মা। তিনি যদি কম বডি মাস ইনভেস, উচ্চতা বা বয়সের কারণে "বুকিপুর্ণ মা" হন তবে তিনি হাঁস এর জন্য বা মাত্র কয়েক রানের জন্য যাবেন। তাই প্রথম কাজ

মায়েদের সপ্তাহে কমপক্ষে একবার এক বা দুই ঘণ্টার জন্য অসুস্থতা ডি-ক্রেসে একত্রিত করা, যাতে "পাওয়ার প্লে" চলাকালীন সময়ে বিভিন্ন সতর্কতা অবলম্বন করার মাধ্যমে তাদের সংবেদনশীল করে তোলা যায়। এর মধ্যে হাত ধোয়া, নিরাপদ মলমূত্র নিষ্পত্তি, ওআরএস ব্যবহার, শিশু খাওয়ানোর অভ্যাস, বুদ্ধি পর্যবেক্ষণ এবং অন্যান্য অনেক ব্যবস্থা থাকতে পারে। উইকেট হারানো যথেষ্ট খারাপ, তবে মেডেন ওভার হজম করাও খারাপ। এটি পরবর্তী ওভারগুলিতে আঙ্কিং রান রেট তথা প্রয়োজনীয় রানের পরিমাণ বাড়িয়ে তোলে। সুতরাং, যদি প্রতি মাসে সন্তানের ওজন না বাড়ে, তবে চিন্তা করতে হবে, কারণ পরবর্তী মাসগুলিতে ওজন বৃদ্ধির বিষয়টি "মেক আপ" করতে হবে। তাই ধীর গতিতে হলেও প্রতি মাসে সন্তানের ওজন বাড়তে থাকার জরুরি প্রতিটি রান গুরুত্বপূর্ণ হয়ে ওঠে, বিশেষ করে যখন আউটফিল্ড মন্থর হয়। খোলা জায়গায় মলত্যাগের প্রবন্ধ অবশ্যই এটি খাওয়ানোর হার কম হলে, কিংবা কৃমিমুক্ত হওয়ার হার কম হলে কৃমিনাশক ব্যবস্থা গ্রহণ বিশেষভাবে গুরুত্বপূর্ণ। যদি প্রতি ছ'মাস অন্তর শিশুদের কৃমিমুক্ত করা না হয়, তাহলে আমরা আসলে "ইন্টিগ্রেটেড ওয়ার ডেভেলপমেন্ট স্কিম" বা আইডব্লিউডিএস নামে একটি কর্মসূচি চালাই। হকওয়ার্ম এবং গোলকৃমির মতো কৃমির পুষ্টির অবস্থার উন্নতি হলেও, শিশুর অবস্থার অবনতি ঘটে। খোলা জায়গায় শৌচকর্ম বর্জন করা, প্রতি ছ'মাস অন্তর সন্মূর্ণ টিকাকরণ এবং কৃমিনাশক ব্যবস্থা করার মত এই তিনটি প্রচেষ্টাকে একসঙ্গে এগিয়ে নিয়ে যেতে হবে। প্রায়শই এগুলি বিচ্ছিন্নভাবে না হলে একে অপরের থেকে স্বাধীনভাবে ঘটে। এই প্রচেষ্টাগুলিকে একত্রিত করলে,

হলো ঝুঁকিতে থাকা কিশোরী ও মায়েদের বডি মাস ইনভেস (বিএমআই) ডেটার ওপর নজর দেওয়া এবং সেই মত সংশোধনমূলক পদক্ষেপ গ্রহণ করা। কিন্তু ওপেনার শূন্য রানে আউট হয়েছেন বলেই কি হাল ছেড়ে দেওয়া যায়? গর্ভাবস্থায় ভাল ওজন বৃদ্ধি নিশ্চিত করে আমরা এখনও পরিস্থিতি উন্নতি করতে পারি। জন্মের সময় ও কেজির বেশি ওজনের একটি শিশু প্রায় অর্ধ শতক পার করার সমান। তবে তা যদি ২ কেজির নিচে থাকে তাহলেও তো কম স্কোর। তাই মায়ের ওজন বৃদ্ধি, প্রসবপূর্ব পূর্ণ যত্ন, টিটেনাস টিকায় উইনজেকশন; নেওয়া সবগুলোই গুরুত্বপূর্ণ। এএনসি এবং টিটি "ফি ফি"-এর মতো; আপনি কিছুই হারাবেন না এবং সবকিছু অর্জন করতে হবে! ভালো ওপেনিং পার্টনারশিপ থাকায় দলটির চাপ কম থাকলেও রক্ষণ কমানোর সামর্থ্য নেই। বুকের দুধ খাওয়ানোর প্রাথমিক দীক্ষা অত্যন্ত গুরুত্বপূর্ণ। "কোলাস্টাম" এ যে প্রতিরক্ষামূলক প্রতিবন্ধকতা রয়েছে, তা নষ্ট করা উচিত নয়। শিশুর জন্মের এক ঘণ্টার মধ্যে শিশুকে অবশ্যই এটি খাওয়ানো হবে এবং তারপরে প্রথম দুই মাস একচেটিয়াভাবে বুকের দুধ খাওয়ানো হবে - এতে কোনও বিরাম নেই। এটি শিশুর জীবন এবং জ্ঞানীয় বৃদ্ধির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। পরবর্তী ১২ মাস চলবে একটি "পাওয়ার প্লে" পিরিয়ড, যখন শিশুকে পরিপূরক খাবার দেওয়া হয়। এটি সাধারণত হয় যখন শিশুর বুদ্ধি ধীর, স্থবির বা হ্রাস পায়। পাওয়ার প্লে সময় অগ্রাধিকার হল উইকেট ধরে রাখা- ডায়রিয়া, ম্যালেরিয়া বা হামের টিকার জন্য দ্রুত "উইকেট হারানো" হতে পারে। এই পরিস্থিতি মোকাবিলায় করার সর্বোত্তম কৌশল হ'ল এই নার্সিং

মায়েদের সপ্তাহে কমপক্ষে একবার এক বা দুই ঘণ্টার জন্য অসুস্থতা ডি-ক্রেসে একত্রিত করা, যাতে "পাওয়ার প্লে" চলাকালীন সময়ে বিভিন্ন সতর্কতা অবলম্বন করার মাধ্যমে তাদের সংবেদনশীল করে তোলা যায়। এর মধ্যে হাত ধোয়া, নিরাপদ মলমূত্র নিষ্পত্তি, ওআরএস ব্যবহার, শিশু খাওয়ানোর অভ্যাস, বুদ্ধি পর্যবেক্ষণ এবং অন্যান্য অনেক ব্যবস্থা থাকতে পারে। উইকেট হারানো যথেষ্ট খারাপ, তবে মেডেন ওভার হজম করাও খারাপ। এটি পরবর্তী ওভারগুলিতে আঙ্কিং রান রেট তথা প্রয়োজনীয় রানের পরিমাণ বাড়িয়ে তোলে। সুতরাং, যদি প্রতি মাসে সন্তানের ওজন না বাড়ে, তবে চিন্তা করতে হবে, কারণ পরবর্তী মাসগুলিতে ওজন বৃদ্ধির বিষয়টি "মেক আপ" করতে হবে। তাই ধীর গতিতে হলেও প্রতি মাসে সন্তানের ওজন বাড়তে থাকার জরুরি প্রতিটি রান গুরুত্বপূর্ণ হয়ে ওঠে, বিশেষ করে যখন আউটফিল্ড মন্থর হয়। খোলা জায়গায় মলত্যাগের প্রবন্ধ অবশ্যই এটি খাওয়ানোর হার কম হলে, কিংবা কৃমিমুক্ত হওয়ার হার কম হলে কৃমিনাশক ব্যবস্থা গ্রহণ বিশেষভাবে গুরুত্বপূর্ণ। যদি প্রতি ছ'মাস অন্তর শিশুদের কৃমিমুক্ত করা না হয়, তাহলে আমরা আসলে "ইন্টিগ্রেটেড ওয়ার ডেভেলপমেন্ট স্কিম" বা আইডব্লিউডিএস নামে একটি কর্মসূচি চালাই। হকওয়ার্ম এবং গোলকৃমির মতো কৃমির পুষ্টির অবস্থার উন্নতি হলেও, শিশুর অবস্থার অবনতি ঘটে। খোলা জায়গায় শৌচকর্ম বর্জন করা, প্রতি ছ'মাস অন্তর সন্মূর্ণ টিকাকরণ এবং কৃমিনাশক ব্যবস্থা করার মত এই তিনটি প্রচেষ্টাকে একসঙ্গে এগিয়ে নিয়ে যেতে হবে। প্রায়শই এগুলি বিচ্ছিন্নভাবে না হলে একে অপরের থেকে স্বাধীনভাবে ঘটে। এই প্রচেষ্টাগুলিকে একত্রিত করলে,

হলো ঝুঁকিতে থাকা কিশোরী ও মায়েদের বডি মাস ইনভেস (বিএমআই) ডেটার ওপর নজর দেওয়া এবং সেই মত সংশোধনমূলক পদক্ষেপ গ্রহণ করা। কিন্তু ওপেনার শূন্য রানে আউট হয়েছেন বলেই কি হাল ছেড়ে দেওয়া যায়? গর্ভাবস্থায় ভাল ওজন বৃদ্ধি নিশ্চিত করে আমরা এখনও পরিস্থিতি উন্নতি করতে পারি। জন্মের সময় ও কেজির বেশি ওজনের একটি শিশু প্রায় অর্ধ শতক পার করার সমান। তবে তা যদি ২ কেজির নিচে থাকে তাহলেও তো কম স্কোর। তাই মায়ের ওজন বৃদ্ধি, প্রসবপূর্ব পূর্ণ যত্ন, টিটেনাস টিকায় উইনজেকশন; নেওয়া সবগুলোই গুরুত্বপূর্ণ। এএনসি এবং টিটি "ফি ফি"-এর মতো; আপনি কিছুই হারাবেন না এবং সবকিছু অর্জন করতে হবে! ভালো ওপেনিং পার্টনারশিপ থাকায় দলটির চাপ কম থাকলেও রক্ষণ কমানোর সামর্থ্য নেই। বুকের দুধ খাওয়ানোর প্রাথমিক দীক্ষা অত্যন্ত গুরুত্বপূর্ণ। "কোলাস্টাম" এ যে প্রতিরক্ষামূলক প্রতিবন্ধকতা রয়েছে, তা নষ্ট করা উচিত নয়। শিশুর জন্মের এক ঘণ্টার মধ্যে শিশুকে অবশ্যই এটি খাওয়ানো হবে এবং তারপরে প্রথম দুই মাস একচেটিয়াভাবে বুকের দুধ খাওয়ানো হবে - এতে কোনও বিরাম নেই। এটি শিশুর জীবন এবং জ্ঞানীয় বৃদ্ধির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। পরবর্তী ১২ মাস চলবে একটি "পাওয়ার প্লে" পিরিয়ড, যখন শিশুকে পরিপূরক খাবার দেওয়া হয়। এটি সাধারণত হয় যখন শিশুর বুদ্ধি ধীর, স্থবির বা হ্রাস পায়। পাওয়ার প্লে সময় অগ্রাধিকার হল উইকেট ধরে রাখা- ডায়রিয়া, ম্যালেরিয়া বা হামের টিকার জন্য দ্রুত "উইকেট হারানো" হতে পারে। এই পরিস্থিতি মোকাবিলায় করার সর্বোত্তম কৌশল হ'ল এই নার্সিং

হরেকরকম হরেকরকম হরেকরকম

বর্ষায় বিস্কুট কিংবা পাউরটিতে তাড়াতাড়ি ছত্রাক ধরে যাচ্ছে?

রান্নায় টাটকা সজ্জি ব্যবহার করছেন। অল্প পরিমাণে খাবার তৈরি করছেন, যাতে তা দিনের দিন শেষ হয়ে যায়। তার পরেও যদি সামান্য পরিমাণে খাবার বেঁচে যায়, তা ভাল করে ফ্রিজে রাখছেন। তাও খাবার নষ্ট হয়ে যাচ্ছে। শুধু খাবার জিনিসে নয়, পরিষ্কার জামা-কাপড়ও তাদের আনাগোনা দেখা যায়। আসলে বর্ষাকালে বাতাসে আর্দ্রতা বেশি থাকে। এমন আবহাওয়া ছত্রাকদের বংশবিস্তারের জন্য আদর্শ। বর্ষার মরসুমে খাদ্যদ্রব্যকে ছত্রাকের হানা থেকে মুক্তি পেতে কয়েকটি জিনিস মাথায় রাখা জরুরি। ফল এবং সব্জি: বাজার থেকে কিনে আনা ফল, সব্জি না ধুয়ে ফ্রিজে তুলে রাখা যাবে না। কলের জলে সেগুলি ভাল করে ধুয়ে, শুকিয়ে



তার পর ফ্রিজে রাখতে হবে। শাকপাতা খোয়ার ক্ষেত্রে বাড়তি সতর্কতা নিতে হবে। প্রয়োজনে নুন-জলে ডিজিয়ে রেখে, তার পর ব্যবহার করুন। বায়ুরোধী পাত্র: চাল, ডাল, মশলা, এমনকি রান্না করা খাবার

সংক্রমণরূপে বায়ুরোধী পাত্রে রাখতে পারেন। বর্ষাকালে নুন এবং চিনি গলে জল হয়ে যাওয়ার প্রবণতা বেড়ে যায়। তাই অন্ধকার পাত্রে রাখতে পারলে ভাল। পাউরটিও এই সময় ফ্রিজে রেখে রাখা যায়। ফ্রিজ পরিষ্কার

রাখতে হবে: খাবার নষ্ট হওয়ার পিছনে ফ্রিজেরও যথেষ্ট ভূমিকা রয়েছে। কারণ বাজার থেকে কেনা জিনিস সরাসরি ফ্রিজে তুলে রাখেন অনেকেই। আর শেখান থেকেই ছত্রাকের হানার ঝুঁকি বাড়ে। এই সমস্যা এড়াতে সপ্তাহে অন্তত এক বার ফ্রিজ পরিষ্কার করা জরুরি। খাবার খুলে রাখা যাবে না: গরম খাবার ঠান্ডা করার জন্য টেবিলের উপর খুলে রেখে দেন? বর্ষাকালে বাতাসে এমন কিছু ভাইরাস বা ব্যাক্টেরিয়া ঘুরে বেড়ায়, যেগুলি চোখে দেখা যায় না। তাই কোনও ভাবেই খাবার খুলে রাখা যাবে না। চামচ যেন পরিষ্কার থাকে: ভিজ্জি চামচ নুন, চিনি কিংবা কৌটোতে ব্যবহার করবেন না। মশলার কৌটো যত শুকনো রাখবেন ততই ছত্রাকের হানা কমবে।

রান্নার চেয়েও খাবার গরম করা ও ছোটখাটো সুবিধার জন্য মাইক্রোওয়েভের কদর বাড়ছে

রান্না করা খাবার গরম হয়ে যায় দু'মিনিটে। চা খাওয়ার জন্য আর গ্যাস জ্বালিয়ে গরম জল করতে হয় না। কাপে জল দিয়ে মাইক্রোওয়েভে অভেন চালিয়ে দিলেই কাজ হয়ে যায়। রান্নার চেয়েও খাবার গরম করা ও ছোটখাটো সুবিধার জন্য মাইক্রোওয়েভের কদর বাড়ছে। কিন্তু খাবার গরম করতে গিয়ে ছোটখাটো নানা ভুলেই খাবার নষ্ট হতে পারে।

১. খাবার গরম করার সময় ঢাকা দেন না নিশ্চয়ই। এতে খাবার শুকনো হয়ে যেতে পারে। ২. সুবিধার জন্য অনেকেই একটি পাশাপাশি গরম করার সময় খাবার ছিটকে মাইক্রোওয়েভে অভেনের ভিতরটাও মোরো হতে পারে। তাই ঢাকা দিয়ে খাবার



গরম করলে সব সমস্যার সমাধান সম্ভব। ২. হাতের কাছে যা পাত্র পান, খাবার গরম করার জন্য সেটাই কি বসিয়ে দেন? সেই তালিকায় প্লাস্টিকের টিফিন বক্স, স্টিলের বাটি সবই থাকে কি? এতে মাইক্রোওয়েভে অভেন যেমন খারাপ হতে পারে, তেমনই ক্ষতিকর প্লাস্টিক গরম খাবারে মিশে যেতে পারে। মাইক্রোওয়েভে অভেনে খাবার গরম করার নির্দিষ্ট বাসন পাওয়া যায়। অভেনে রান্না করতে হলে মোটা কাচের বাসন দরকার হয়। প্লাস্টিকের যে সমস্ত পাত্র খাবার গরম করার উপযুক্ত, তা কিন্তু রান্না করার উপযোগী নয়।

৩. সুবিধার জন্য অনেকেই একটি খালায় বিভিন্ন খাবার রেখে মাইক্রোওয়েভে অভেনে ২ মিনিট গরম করে নেন। কিন্তু ওই সময়ে তরকারি গরম হলেও, রুটি কিন্তু গরম হয় না।

বাড়িতে ধৌকলা বানাতে দোকানের মতো নরম হয় না

ধৌকলা খেতে ভালবাসেন। বাড়িতেই তৈরি করার চেষ্টা করেছিলেন। কিন্তু দোকানের মতো হল না? আসলে যে কোনও পদই তৈরির সময় প্রতিটি ধাপ ঠিক মতো অনুসরণ করতে হয়। উপকরণ থেকে পরিমাণে সামান্য গোলমাল হলেই, স্বাদে তফাত হতে পারে।



১. ধৌকলার অন্যতম উপাদান হল বেসন। এটি ফোলানোর জন্য প্রয়োজন হল বেকিং সোডা। উপকরণগুলি যেন পুরনো না হয়, দেখা প্রয়োজন। যে কোন পদ তৈরিতে উপকরণের গুণমানের উপর স্বাদ নির্ভর করে।

২. খামনি ধৌকলা বানানোর জন্য বেসন, হলুদ গুঁড়ো, নুন, চিনি ও বেকিং সোডার প্রয়োজন হয়। প্রতিটি উপাদানের পরিমাণ ঠিক থাকা প্রয়োজন। ধৌকলা নরম হবে মিশ্রণটি কতটা ভাল ভাবে

শেষ ধাপে যোগ করতে হবে। এই উপাদানটি দেওয়ার কিছু ক্ষণের মধ্যে ধৌকলা তৈরি করে নিতে হবে। এই সময়ের উপর নির্ভর করবে ধৌকলা কতটা ফুলেছে। ৪. গ্যাসে জল ফুটতে দিয়ে তার উপর একটি পাত্রে মিশ্রণটি ঢেলে দিতে হয়। উপর থেকে ঢাকা দিয়ে দিলে বাষ্পেই ধৌকলা তৈরি হয়ে যায়। এই সময় গ্যাসের আঁচ খুব জোরে বা খুব কমিয়ে রাখলে হবে না। মাঝারি আঁচে ধৌকলা ভাল হবে। ৫. ধৌকলা তৈরির পর একটু ঠান্ডা হতে দিন। তার পর সেটা কাটুন। না হলে ধৌকলা ভেঙে যেতে পারে।

ভাত বারুটি কখন, কী ভাবে খেলে তবেই কমবে ওজন?

ওজন কমানোর অন্যতম অস্ত্র হল ডায়েট। আর রোগা হওয়ার ডায়েট মানেই অনেকে ভাত, রুটি খাওয়া একেবারে বন্ধ করে দেন। ডালিয়া, মিলেটের উপর তৈরি হয় অগাধ ভরসা। আবার অনেকে ভাত খাওয়া বন্ধ করলেও বিকল্প হিসাবে রুটি খান। তাতে শরীরে কার্বেহাইড্রেটের ঘাটতি খানিকটা মেটে। তবে কার্বেহাইড্রেট রুটিতে আছে আরও অনেক উপাদান। প্রোটিন, ফাইবার, মিনারেলস শরীরে প্রয়োজনীয় পুষ্টির ঘাটতি পূরণ করে। পুষ্টিবিদের মতে, ডায়েটে রুটি খেলে কোনও সমস্যা হওয়ার কথা নয়। তবে কার্বেহাইড্রেট যে হেতু আছে, তাই খাওয়ার পরিমাণে খানিকটা রাশ টানা জরুরি। কারণ সারা দিনে ২৫০

থাম কার্বেহাইড্রেটের বেশি শরীরে না যাওয়াই শ্রেয়। সে ক্ষেত্রে দিনভর রুটি খেয়ে থাকাও ঠিক হবে না। কখন খাবেন, কতগুলি খাওয়া যায়? পুষ্টিবিদের মতে, ওজন নিয়ন্ত্রণে রাখতে সব সময় সকালের দিকে রুটি খেয়ে নেওয়া ভাল। তা হলে রুটিতে থাকা কার্বেহাইড্রেট দ্রুত হজম হবে। বিকাল ৪টের পর কার্বেহাইড্রেট না খাওয়াই শ্রেয়। কতগুলি রুটি খাবেন, তা নিয়ে অবশ্য কোনও বাঁধাধরা নিয়ম নেই। তবে মাথায় রাখতে হবে, রুটি যত বেশি খাবেন শরীরে কার্বেহাইড্রেটও তত পরিমাণে প্রবেশ করবে। তাই সকালে রুটি খেলে দুটো থেকে তিনটে খেতে পারেন। তবে দুপুরের দিকে দুটোর বেশি না খেলেই ভাল।



তবে রুটি খেলেও ওজন বেড়ে যেতে পারে। গমের চেয়ে রাগি, জোয়ার, বাজরা দিয়ে তৈরি রুটি ওজন কমানোর জন্য বেশি উপকারী। কারণ এগুলির গ্লাইসেমিক

ইনডেক্স অনেক কম থাকে। ফলে শরীরে শর্করার মাত্রাও বৃদ্ধি পায় না। জোয়ার, বাজরা এমনিতেই বেশ পুষ্টিগরিষ্ঠ। ছিপিছিপে থাকতে সাহায্য করে এগুলি।

বৃষ্টিভেজা দিনে রাস্তায় বেরিয়ে ফোনে জল ঢুকেছে কোন ভুলগুলি করা চলবে না?

প্রবল বৃষ্টির মধ্যে রাস্তায় বেরোলে মোবাইল ফোনটি ভিজ্জি গেলেই সমস্যায় পড়তে হয়। এক বার এই অঘটন ঘটলে মাথায় হাত দিয়ে বসে পড়া ছাড়া বিশেষ কিছু করার থাকে না। অনেকে আবার নানা রকম উপায়ে ফোন থেকে জল বার করার চেষ্টা করেন। এতে সমস্যার সমাধানের বদলে উল্টে ক্ষতি আরও বেড়ে যায়। জেনে নিন, ফোনে জল ঢুকলে কোন ভুলগুলি একেবারেই করা যাবে না। ১) জলে ভেজা ফোনটি শুকানোর জন্য ভুলেও হেয়ার ড্রায়ার ব্যবহার করবেন না যেন। অতিরিক্ত গরমে ফোনের ভিতরের ব্যাটারি খারাপ হয়ে যেতে পারে। আর ড্রায়ার



ব্যবহার করলে জল না বেরিয়ে উল্টে ফোনের ভিতর আরও ঢুকে যাবে। অনেকে আবার ফোনে জল ঢুকলে ফোনের ভিতর ফুঁ দেন, এতেও কিন্তু জল ফোনের ভিতরে

চলে যায়, বেরোয় না। ২) ভেজা ফোনটি কখনও চার্জিংয়ের পয়েন্ট-এর সঙ্গে যুক্ত করবেন না। এতে তড়িৎস্রোত হওয়ার ঝুঁকি থাকে। হেডফোনের সঙ্গেও যুক্ত করবেন

না আপনার ভেজা ফোনটি। এ ক্ষেত্রেও তড়িৎস্রোত হওয়ার আশঙ্কা রয়েছে। ৩) জল ঝাড়ার জন্য ফোনটি এ দিক-ও দিক অপ্রয়োজনীয় ভাবে নাড়াবেন না। এতে ফোনের ভিতর জল ঢুকে যাওয়ার আশঙ্কা রয়েছে। ৪) চড়া রোদে ফোন ফেলে রাখবেন না, এতে ফোনের জল শুকালেও, তাপের কারণে ব্যাটারি খারাপ হয়ে যেতে পারে। ৫) অনেকেই ফোনে জল ঢুকলে সেটিকে চালের ড্রামে ঢুকিয়ে রাখেন। এই পছন্দ কিন্তু মোটেও কোনও কাজ হয় না, উল্টে চালের ভিতরে থাকা ধুলো, চালের গুঁড়ো ফোনের ভিতরে ঢুকে গিয়ে ফোনটি খারাপ হয়ে যেতে পারে।

